

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.০৩.০০১.২৩.১২৬

তারিখ: ৮ কার্তিক ১৪৩০

২৪ অক্টোবর ২০২৩

বিষয়: ঘূর্ণিঝড় ‘হামুন’ এর কারণে কর্মকর্তাগণকে কর্মস্থলে অবস্থান ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী ঘূর্ণিঝড় ‘হামুন’ উত্তরপূর্ব দিকে অগ্রসর ও ঘনীভূত হয়ে অতি প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে এবং বর্তমানে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপূর্ব বঙ্গোপসাগর এলাকায় ২০.২° উত্তর অক্ষাংশ এবং ৮৯.৬° পূর্ব দ্রাঘিমাংশে অবস্থান করছে। এটি আরো উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে শেষরাত থেকে সকাল নাগাদ (২৫ অক্টোবর ২০২৩) মেঘনা মোহনার নিকট দিয়ে বরিশাল-চট্টগ্রাম উপকূল ঘূর্ণিঝড় হিসেবে অতিক্রম করতে পারে। অতি প্রবল ঘূর্ণিঝড় ‘হামুন’ এর প্রভাবে সংশ্লিষ্ট উপকূলীয় জেলা চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে বায়ুতাড়িত ৩-৫ ফুট জলোচ্ছ্বাসে প্লাবিত হয়ে পুকুর/ঘের হতে মাছ বের হওয়াসহ অন্যান্য মৎস্যসম্পদ ও মৎস্যজীবীদের জানমাল ক্ষতির আশংকা রয়েছে। এ প্রেক্ষিতে আবহাওয়া অধিদপ্তর এর বিশেষ বিজ্ঞপ্তি নম্বর ১১; তারিখ: ২৪/১০/২০২৩খি. এর মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার মাছ ধরা নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে। এমতাবস্থায় সংশ্লিষ্ট এলাকার কর্মকর্তাগণকে নির্দেশক্রমে নিম্নরূপ নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

- সংশ্লিষ্ট উপকূলীয় বিভাগের জেলা ও উপজেলাসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে সতর্কতার সাথে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করা;
- ঘূর্ণিঝড় ‘হামুন’ এর প্রভাবে পুকুর/ঘের প্লাবিত হয়ে মাছ, চিংড়ি, কাঁকড়াসহ বিবিধ জলজ জীব ভেসে যাওয়া ও অন্যান্য অবকাঠামোগত ক্ষতি রোধকল্পে সংশ্লিষ্ট মৎস্য খামারিগণকে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে পরামর্শ প্রদান করা;
- সংশ্লিষ্ট জেলা এবং উপজেলার ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং বোট/ট্রলার মালিক সমিতির সাথে সমন্বয়পূর্বক আবহাওয়া অধিদপ্তর এর সর্বশেষ পূর্বাভাস বার্তা মৎস্যচাষি ও মৎস্যজীবীদের মাঝে যথাযথভাবে প্রচারের ব্যবস্থা করা;
- সংশ্লিষ্ট বোট/ট্রলার মালিক সমিতির সাথে যোগাযোগপূর্বক উপকূলীয় এলাকায় ও গভীর সমুদ্রে মাছ ধরা নৌকা ও ট্রলারসমূহসহ মৎস্যজীবী ও মৎস্যচাষিদেরকে নিরাপদ আশ্রয়স্থলে থাকার জন্য পরামর্শ প্রদান করা;
- মৎস্যচাষিদের পুকুর/ঘের এর পাড় উঁচু করা, নেট বা বানা দিয়ে ঘিরে রাখা ও প্রয়োজনে মাছ নিরাপদ স্থানে স্থানান্তর করা ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান করা;
- পরবর্তী অবস্থা পর্যবেক্ষণকরত: সামুদ্রিক এলাকার জন্য পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম এবং উপকূলীয় এলাকায় সংশ্লিষ্ট বিভাগসমূহে উপপরিচালক এবং জেলায় জেলা মৎস্য কর্মকর্তার নেতৃত্বে একটি কন্ট্রোল রুম খোলা; এবং
- সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকগণ কর্তৃক তাঁর নিজ নিজ বিভাগের এতদসংক্রান্ত সকল কার্যক্রম সমন্বয় ও তদারক করা।



২৫-১০-২০২৩

অলক কুমার সাহা
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোন: ০২-২২৩৩৮১৫৯২

ইমেইল: ddaqua@fisheries.gov.bd

বিতরণ :

- ১) পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম
- ২) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা
- ৩) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল
- ৪) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.০৩.০০১.২৩.১২৬/১(৪)

তারিখ: ৮ কার্তিক ১৪৩০
২৪ অক্টোবর ২০২৩

সদয় অবগতি/সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১) সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) জেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)
- ৩) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)
- ৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ড ও মৎস্যচাষ শাখা অংশে আপলোড করার অনুরোধসহ)

২৫-১০-২০২৩

মুহাঃ নওশের আলী
সহকারী পরিচালক (মৎস্যচাষ)